রেজিস্টার্ড নং ডি এ -১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জানুয়ারি ১৬, ২০০৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সংস্থাপন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ মাঘ ১৪১৩ বঙ্গাব্দ/১৬ জানুয়ারি ২০০৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১০-আইন/২০০৭**।-যেহেতু, বিচার বিভাগীয় পদে দায়িত্ব পালনকারী কর্মকর্তাগণের বিষয়ে পৃথক বিধিমালা প্রণয়নের জন্য সংবিধানের ১১৫ অনুচ্ছেদে বিধান রহিয়াছে; এবং

যেহেতু উক্ত বিষয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের ৭৯/১৯৯৯ নম্বর সিভিল আপীলে প্রদত্ত রায়ে একটি সার্ভিস গঠনের নির্দেশনা রহিয়াছে; এবং

যেহেতু উক্ত সার্ভিসে নিযুক্ত ব্যক্তিদের কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী সম্পর্কে পৃথক বিধান প্রণয়নের নির্দেশনাা রহিয়াছে;

সেহেতু বাংলাদেশ সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।-(১) এই বিধিমালা **বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটিমঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭** নামে অভিহিত হইবে।

(২) সুপ্রীম কোর্ট যে তারিখে কার্যকর করার পরামর্শ দিবে সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা সেই তারিখে এই বিধিমালা কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "উপযুক্ত কর্তৃপক্ষ" অর্থ রাষ্ট্রপতি বা[১] রাষ্ট্রপতি কর্তৃক সংবিধানের ৫৫(৬) অনুচ্ছেদ অনুসারে প্রণীত Rules of Business এর আওতায় সার্ভিস প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় বা বিভাগ;

(খ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ রাষ্ট্রপতি;

(গ) "সার্ভিসের সদস্য" অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কোন সদস্য ;

(ঘ) "সার্ভিস পদ" অর্থ তফসিলের প্রথম ও দ্বিতীয় অংশের কলাম (২) এ উল্লিখিত কোন পদ;

(ঙ) "সার্ভিস" অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস;

(চ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল।

৩। **কর্মস্থল নির্ধারণ**।- (১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের **১১৬** অনুচ্ছেদ অনুসারে[২] উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে, সার্ভিসের সদস্যদের কর্মস্থল নির্ধারণ করিবেন।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে কোন নির্দিষ্ট কর্মস্থলে সার্ভিসের সদস্যদের অবস্থানের মেয়াদ নির্ধারণ করিতে পারিবে[৩]।

[৩ক। সহকারী জজগণকে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণ।—

(১) এই বিধিমালার তফসিলের দ্বিতীয় অংশে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট পদে পদায়নের জন্য যোগ্যতার বিষয়ে আবশ্যক শর্ত যাহাই থাকুক না কেন, জনস্বার্থে আবশ্যক হইলে, সুপ্রীম কোর্টের পরামর্শ বিবেচনাক্রমে, সরকার সহকারী জজগণের মধ্য হইতে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট পদে পদায়ন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন সহকারী জজকে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট পদে পদায়ন করা হইলে, তিনি সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের সকল দায়িত্ব পালন ও ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, এই উপ-বিধির অধীন পদায়িত সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট সিনিয়র সহকারী জজ পদে পদোন্নতিপ্রাপ্ত বলিয়া গণ্য হইবেন না এবং উক্ত পদের আর্থিক সুবিধাদিও প্রাপ্য হইবেন না।

(৩) সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের পদে পদায়নের জন্য সিনিয়র সহকারী জজ এর সংখ্যা অপ্রতুল হইবার ক্ষেত্রেই কেবল এই বিধির বিধান, সাময়িক ব্যবস্থা হিসাবে, প্রয়োগ করা যাইবে।][৪]

৪। **পদোন্নতি**।- (১) নিয়োগকারী কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে, সার্ভিসের কোন সদস্যকে সার্ভিসের উচ্চতর পদে পদোন্নতি প্রদান করিবেন।

---

[১] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা প্রতিস্থাপিত;

[২] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা প্রতিস্থাপিত;

[৩] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা প্রতিস্থাপিত;

[৪] এস, আর, ও নং ১০০-আইন/২০০৮, তারিখ ঃ ২২ এপ্রিল ২০০৮ দ্বারা সন্নিবেশিত।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে হাইকোর্ট রুলস্ মোতাবেক গঠিত General Administrative Committee এর সকল সদস্য বিচারপতিবৃন্দ সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হইবে এবং উক্ত বাছাই কমিটি সার্ভিসের কোন সদস্যকে সার্ভিসের উচ্চতর পদে পদোন্নতির সুপারিশ করিবে।

(৩) উপ-বিধি (২) মোতাবেক বাছাই কমিটির সুপারিশের বিষয়ে হাইকোর্ট রুলসের বিধান অনুসারে পরবর্তী কার্যক্রম গ্রহণ করিতে হইবে।[১]

(৪) নিয়োগকারী[২] কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে, সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা তফসিলের প্রথম অংশে উল্লেখিত কোন পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা জনস্বার্থে শিথিলক্রমে পদোন্নতি দান করিতে পারিবেন।

৫। **ছুটি**।- (১) সার্ভিসের সদস্যগণের ছুটি এবং আনুষঙ্গিক বিষয়ে পূর্ণাঙ্গ বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকারের একজন প্রথম শ্রেণীর কর্মকর্তা প্রচলিত বিধি-বিধান অনুসারে যেইরূপ ছুটি ভোগ করিবার অধিকারী সেইরূপ ছুটি সার্ভিসের সদস্যগণ ভোগ করিবার অধিকারী হইবেনঃ

তবে শর্ত থাকে যে, সুপ্রীম কোর্ট কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবেন।

(২) সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে, উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নৈমিত্তিক ছুটি ব্যতীত উপ-বিধি (১) এ উল্লিখিত ছুটি মঞ্জুর করা হইবে।

(৩) দেওয়ানী আদালতের অবকাশকালীন ছুটি সুপ্রীম কোর্ট যেইরূপ মেয়াদ ও শর্তে নির্ধারণ করিবে সার্ভিসের সদস্যগণ উক্ত মেয়াদ ও শর্তে উহা ভোগ করিবার অধিকারী হইবেন।

৬। **শৃঙ্খলা বিধান**।- (১) সার্ভিসের সদস্যদের সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ ব্যতীত শৃঙ্খলা সংক্রান্ত অন্যান্য বিষয়ে আলাদা বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ সরকারের একজন প্রথম শ্রেণীর কর্মকর্তার ক্ষেত্রে প্রযোজ্য Government Servants (Discipline and Appeal) Rules, 1985 এর বিধানাবলী, প্রয়োজনীয় অভিযোজন সহকারে, (Mutatis Mutandis), সার্ভিসের সদস্যদের শৃঙ্খলা বিধান করিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকারী কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে উক্ত Rules অনুসারে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সার্ভিসের কোন সদস্যকে সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ, বা অপসারণের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের **১১৫** অনুচ্ছেদের অধীন প্রণীত বিধিমালা প্রযোজ্য হইবে।

---

[১] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা প্রতিস্থাপিত;

[২] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা প্রতিস্থাপিত।

৭। **সুপ্রীম কোর্ট, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং অন্যান্য মন্ত্রণালয়ে প্রেষণে নিয়োগ।-**

(১) সুপ্রীম কোর্টের চাহিদা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ উক্ত কোর্টে প্রয়োজনীয় সংখ্যক সার্ভিস সদস্যকে নিয়োগ/বদলী কারিবেন। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে সার্ভিসের সদস্যদের জন্য সংরক্ষিত পদে উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে সার্ভিসের সদস্যদেরকে প্রেষণে [বা অন্যবিধভাবে][১] নিয়োগ/[**] করিবেন। এছাড়া অন্য কোন মন্ত্রণালয়, জাতীয় সংসদ সচিবালয় বা নির্বাচন কমিশন সচিবালয়ে, [অন্য কোন কর্তৃপক্ষের অফিসে][২] প্রয়োজনবোধে উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে সার্ভিসের সদস্যদেরকে প্রেষণে [বা অন্যবিধভাবে] নিয়োগ/[**] করিতে পারিবেন।

(২) প্রেষণে নিয়োজিত থাকাকালে সার্ভিসের সদস্যগণকে তাহাদের জন্য প্রাপ্য সাধারণ বেতন ভাতা অপেক্ষা কম বেতন ভাতা প্রদান করা যাইবে না।

(৩) প্রেষণে নিযুক্ত থাকাকালে উক্ত সদস্যগণের বিরুদ্ধে কোন শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উদ্ভূত পরিস্থিতি বর্ণনা করিয়া উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবে এবং উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) [সুপ্রীম কোর্টের অনুমোদন বা সম্মতি গ্রহণক্রমে কোন কর্মকর্তা প্রেষণে নিযুক্ত থাকিলে][৩] সার্ভিসের অন্যান্য কর্মকর্তার সহিত পারস্পরিক জ্যেষ্ঠতা [বা পদোন্নতির সুযোগ][৪] ক্ষুন্ন হইবে না।

৮। **সার্ভিসের সদস্যগণের নিয়ন্ত্রণ**।- (১) সংবিধানের ১০৯, ১১৬, ১১৬ক অনুচ্ছেদ এবং এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, -

(ক) জেলা ও দায়রা জজ তাহার অধীনে কর্মরত সকল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসহ সার্ভিসের অন্য সকল কর্মকর্তার প্রশাসনিক বিষয়ে স্থানীয়ভাবে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবে না;

(খ) মেট্রোপলিটন এলাকায় মেট্রোপলিটন সেশনস্ জজ তাহার অধীনে কর্মরত সকল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটসহ সার্ভিসের অন্য সকল কর্মকর্তার প্রশাসনিক বিষয়ে স্থানীয়ভাবে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবেন;

(গ) জেলা **ও**[৫] দায়রা জজের সমপর্যায়ের বিচারক তাহার অধীনে কর্মরত সার্ভিসের অন্যান্য কর্মকর্তার প্রশাসনিক বিষয়ে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবেন;

(ঘ) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা, ক্ষেত্রমত মেট্রোপলিটন এলাকায় চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, তাহার অধীনস্থ ম্যাজিস্ট্রেটগণের প্রশাসনিক বিষয়ে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবেন।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত প্রশাসনিক বিষয়ে নিয়ন্ত্রণ সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে, সাধারণ বা বিশেষ নির্দেশনা জারী করিলে তাহা সংশ্লিষ্ট সকল কর্মকর্তা অনুসরণ করিবেন।

**ব্যাখ্যাঃ** এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন লিখনের বিষয়টি স্থানীয় প্রশাসনিক বিষয় বলিয়া গণ্য হইবে না এবং এতদ্‌সংক্রান্ত বিষয় নির্ধারণের একক এখতিয়ার থাকিবে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের।

---

[১] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা সন্নিবেশিত;
[২] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা সন্নিবেশিত;
[৩] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা প্রতিস্থাপিত;
[৪] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা সন্নিবেশিত;
[৫] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা সন্নিবেশিত;
** এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা বিলুপ্ত।

৮ (ক)। **অবসর গ্রহণের বয়সসীমা।**—আপাততঃ বলবৎ কোন আইন, বিধি, প্রবিধি বা আদেশ যাহা কিছুই থাকুক না কেন সার্ভিসের একজন সদস্যের স্বাভাবিক অবসর গ্রহণের বয়স ৫৯ বৎসর হইবে।

৯। **কর্মের অন্যান্য শর্তাবলী।**- (১) সার্ভিসের সদস্যদের কর্মের শর্তাবলী নির্ধারণ করিয়া আলাদা বিধান প্রণীত না হওয়া পর্যন্ত অবসর গ্রহণ, পেনশন, ভবিষ্য তহবিল এবং চাকুরীর অন্যান্য শর্তাবলীর ক্ষেত্রে সরকারের প্রথম শ্রেণীর [গেজেটেড কর্মকর্তা গণ্য হইবেন এবং উক্ত][১] কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান ও সুবিধাদি[২] সার্ভিসের সদস্যদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২)উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সার্ভিসের সদস্যদের কর্মের শর্তাবলী নির্ধারণের ক্ষেত্রে বিদ্যমান সুযোগ-সুবিধাদির হানি ঘটাইয়া বা রদ করিয়া কোন বিধান প্রণয়ন বা যাইবে না।

১০। **তফসিলের দ্বিতীয় অংশের পদে অন্তবর্তীকালীন নিয়োগ সম্পর্কিত বিশেষ বিধান।**- (১) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা ২০০৭ এর[৩] অধীনে প্রেষণে নিয়োজিত বি,সি,এস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাগণের ব্যাপারে[৪] তফসিলের দ্বিতীয় অংশে উল্লিখিত পদের বিপরীতে কর্মস্থল নিধারণ, তাহাদের ছুটি মঞ্জুরী এবং তাহাদের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণ করিবে।

**১১।সুপ্রীম কোর্টের সহিত পরামর্শের কার্যকারিতা**।- (১) উপযুক্ত কর্তৃপক্ষ এই বিধিমালা অনুযায়ী সার্ভিসের সদস্যগণের সম্পর্কে গৃহীত কার্যক্রমের বিষয়ে সুপ্রীম কোর্টের সহিত কার্যকর পরামর্শ করিবে।

(২)উপ-বিধি (১) এ বর্ণিত বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের প্রস্তাব ও সুপ্রীমকোর্টের পরামর্শ অভিন্ন না হইলে, সেইক্ষেত্রে সুপ্রীম কোর্টের পরামর্শ প্রাধান্য পাইবে।

১২। **রহিতকরণ ও হেফাজত**।- (১) এতদ্বারা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৬ রহিত করা হইল।

(২)উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত বিধিমালার অধীনকৃত সকল কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর বিধানাবলী অনুসরণক্রমে ইতিপূর্বে সিনিয়র মুন্সেফ বা সিনিয়র সহকারী জজ বা বিচারকর্ম বিভাগের তদূর্দ্ধ পদে যে সকল নিয়োগ বা পদোন্নতি দেওয়া হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে প্রদত্ত বলিয়া গণ্য হইবে।

---

[১] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা সন্নিবেশিত;
[২] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা সন্নিবেশিত;
[৩] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা সন্নিবেশিত;
[৪] এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা সন্নিবেশিত।

## তফসিল

প্রথম অংশ

[বিধি ২ (ঘ) এবং ৪ (৪) দ্রঃ]

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের প্রথম অংশের বিভিন্ন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের পদ্ধতি ও প্রয়োজনীয় যোগ্যতা

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | জেলা বিচারক/জেলা ও দায়রা জজ /সমপর্যায়ের অন্যান্য বিচারক। | অতিরিক্ত জেলা ও দায়রা জজদের *[/সমপর্যায়ের বিচারকদের] মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে | অতিরিক্ত জেলা ও দায়রা জজ **[/সমপর্যায়ের বিচারক] পদে দুই বৎসরের অভিজ্ঞতাসহ মোট ১৫ (পনের) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ২। | অতিরিক্ত জেলা ও দায়রা জজ /সমপর্যায়ের বিচারক | যুগ্ম জেলা ও দায়রা জজদের *[/সমপর্যায়ের বিচারকদের] মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে | যুগ্ম জেলা ও দায়রা জজ **[/সমপর্যায়ের বিচারক] পদে দুই বৎসরের অভিজ্ঞতাসহ মোট ১০ (দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৩। | যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের বিচারক | সিনিয়র সহকারী জজদের *[/সমপর্যায়ের বিচারকদের] মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | সিনিয়র সহকারী জজ **[/সমপর্যায়ের বিচারক] পদে পদোন্নতি পরীক্ষায় উত্তীর্ণসহ দুই বৎসরের অভিজ্ঞতাসহ মোট ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৪। | সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের বিচারক | সহকারী জজদের *[/সমপর্যায়ের বিচারকদের] মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | সহকারী জজ **[/সমপর্যায়ের বিচারক] পদে মোট ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা। |
| ৫। | সহকারী জজ | সংবিধানের অনুচ্ছেদ ১১৫-এর অধীন প্রণীত বিধিমালা অনুসারে সরাসরি নিয়োগ অথবা আত্মীকরণের মাধ্যমে। | সংবিধানের অনুচ্ছেদ ১১৫ এর অধীন প্রণীত বিধিমালায় বিধৃত। |

## দ্বিতীয় অংশ

[বিধি ২ (ঘ) এবং ৩ দ্রঃ]

দ্বিতীয় অংশের বিভিন্ন পদে Posting বা পদায়ন পদ্ধতি

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট। | অতিরিক্ত জেলা ও দায়রা জজগণের মধ্য হইতে বদলী অথবা সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীনে প্রণীত বিধিমালা অনুসারে আত্মীকরণ ও প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| (২) | অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট অতিরিক্ত চীফ জুজিসিয়াল ম্যাজিস্ট্রেট। | যুগ্ম-জেলা ও দায়রা জজগণের মধ্য হইতে বদলী অথবা সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীনে প্রণীত বিধিমালা অনুসারে আত্মীকরণ ও প্রেষণে নিয়োগের মাধ্যমে। |

**নোট ঃ** * এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা সন্নিবেশিত;

** এস, আর, ও নং ৩৪-আইন/২০০৭/সম/বিধি-৫/জুসাগ(সং)-৯/২০০৭, তারিখ ঃ ২ এপ্রিল ২০০৭ দ্বারা সন্নিবেশিত।

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (৩) | সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট /মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট /স্পেশাল ম্যাজিস্ট্রেট)। | সিনিয়র সহকারী জজগণের মধ্য হইতে বদলী অথবা সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীনে প্রণীত বিধিমালা অনুসারে আত্মীকরণ ও প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| (৪) | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (২য়/৩য় শ্রেণী) | সহকারী জজগণের মধ্য হইতে বদলী অথবা সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীনে প্রণীত বিধিমালা অনুসারে আত্মীকরণ ও প্রেষণে নিয়োগের মাধ্যমে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু মোঃ মনিরুজ্জামান খান**
সচিব।